যুগান্তর

তারিখ 09 MAR 2017
পৃষ্ঠা ২ কলাম ৫

ঢাকা বিশ্ববিদ্যালয়

# হল ছাড়তে ছাত্রলীগ নেত্রীকে দিতে হবে ৫ হাজার টাকা!

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

আবাসিক হল ছেড়ে দিতে ছাত্রলীগ নেত্রীকে দিতে হবে ৫ হাজার টাকা। হল ছাড়ার আবেদন, ভর্তি রসিদের ফটোকপি ও এক কপি ছবিও দিতে হবে তাকে। এমনই অযৌক্তিক দাবি ঢাকা বিশ্ববিদ্যালয়ের বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল ছাত্রলীগের সাধারণ সম্পাদক রনক জাহান রাইনের। এ দাবি না মানায় কক্ষে আটকে রেখে এক ছাত্রীকে দফায় দফায় মানসিক নির্যাতন ও ভয়ভীতি প্রদর্শন করেছেন ওই ছাত্রলীগ নেত্রী। ভুক্তভোগী ছাত্রীর নাম নুসরাত আঁখি। তিনি বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রথম বর্ষের শিক্ষার্থী। আর রনক জাহান রাইন ছাত্রলীগের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক এসএম জাকির হোসাইনের অনুসারী।

ভুক্তভোগী ছাত্রী যুগান্তরকে জানান, গত ৬ ফেব্রুয়ারি তিনি হলের ১১৯ নম্বর কক্ষে ওঠেন। এক মাস পর হল ছেড়ে দিতে চাইলে হল ছাত্রলীগের সাধারণ সম্পাদক তার কাছে পাঁচ হাজার টাকা দাবি করেন। তিনি তা দিতে অস্বীকৃতি জানান। বিষয়টি বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকরা জেনে গেলে তিনি জোর করে পাঁচ হাজার টাকা পাওনা ছিল এমন স্বীকৃতিপত্র লেখান। পরবর্তীতে কেন্দ্রীয় ও বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের হস্তক্ষেপে তাকে ছেড়ে দেয়া হয়।

এ বিষয়ে জানতে অভিযুক্ত ছাত্রলীগ নেত্রী রনক জাহান রাইনকে ফোন করা হলে তিনি উত্তেজিত হয়ে যান। তিনি বলেন, 'এই নিউজ আপনাকে কে দিয়েছে? এমন একটা ফালতু নিউজ আপনি কোন জায়গায় শুনলেন।' তিনি বলেন, 'আমি কাউকে আটকে রাখিনি, টাকাও দাবি করিনি। আমি তাকে একটা অ্যাপ্লিকেশন লিখতে বলেছি। পে-ইন স্লিপের ফটোকপি ও ছবি দিয়ে অ্যাপ্লিকেশন আমার কাছে জমা দিয়ে তারপর হল থেকে যেতে বলেছি।' ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সভাপতি আবিদ আল হাসান যুগান্তরকে বলেন, ঘটনার সত্যতা পাওয়া গেলে অবশ্যই ব্যবস্থা নেয়া হবে। ছাত্রলীগের সাধারণ সম্পাদক এসএম জাকির হোসাইন যুগান্তরকে বলেন, অভিযোগের প্রমাণ পাওয়া গেলে জড়িত নেত্রীর বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. জাকিয়া পারভীন যুগান্তরকে বলেন, ঘটনার সত্যতা পেলে আমরা ব্যবস্থা নেব।